



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।
Web-www.sylhetboard.gov.bd



স্মারক নং-৩৭.১৪.৯১০০.৩০০.৪৯.০০১.১৯.২৩০৯

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতায় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৯ বা পরবর্তী বছরসমূহে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে ০১ (এক) বিষয়ে (চতুর্থ বিষয় ব্যতিত) অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে অকৃতকার্য ঐ এক বিষয়ে (চতুর্থ বিষয় ব্যতিত) ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আগামী ১৩/৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা সাপেক্ষে রেজিস্ট্রেশন কার্ড নবায়ন করা যাবে।

১. রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি:

২. সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে নির্ধারিত ফি জমাদানের রসিদ।

৩. টেবুলেশন শীটের অনুলিপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত)

৪. প্রবেশপত্রের সত্যায়িত অনুলিপি

উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন কার্ড নবায়ন ব্যতিরেকে কোনোভাবে পরীক্ষার ফরম পূরণ করা হলে পরবর্তীতে সৃষ্ট জটিলতার জন্য অত্র শিক্ষা বোর্ড দায়ী থাকবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

২২/০৭/২৩

অধ্যক্ষ

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও কার্যার্থে অনুলিপি ৪ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

৫। সংরক্ষণ নথি।